

যে সবার, সে আসলে কারোরই না পরীমনি -পৃষ্ঠ-৩

হৃদয়ে লাল সবুজ

# আমাদের সূর্যোদয়

বর্ষ ৩ ঃ সংখ্যা-২০৭ ঃ মেহেরপুর-বৃহস্পতিবার ৭ আগষ্ট ২০২৫ ইং ঃ ২৩ শ্রাবণ ১৪৩২ বাংলা ঃ ১২ সফর ১৪৪৭ হিজরি ঃ পৃষ্ঠা-০৪ মূল্য-৪.০০ টাকা






## বিএনপির দুই গ্রুপের পাল্টাপাল্টি মিছিল মুখোমুখি অবস্থানে উত্তেজনা

নিজস্ব প্রতিবেদক

ঐতিহাসিক জুলাই-আগস্ট গণঅভ্যুত্থান দিবস উপলক্ষে মেহেরপুর জেলা বিএনপির ব্যানারে পৃথক দুটি মিছিল আয়োজন করে দলের অভ্যন্তরীণভাবে বিভক্ত দুই গ্রুপ। জেলা আহ্বায়ক জাবেদ মাসুদ মিল্টনের নেতৃত্বে একদল নেতাকর্মী সরকারি কলেজ এলাকা থেকে মিছিল শুরু করলে, অপরদিকে সাবেক সংসদ সদস্য মাসুদ অরুনের নেতৃত্বাধীন গ্রুপটি মিছিল বের করে শহরের পন্ডেরঘাট এলাকা থেকে। দুইটি মিছিল আলাদা দুই স্থান থেকে শুর হলেও শেষপর্যন্ত শহরের মহিলা কলেজ সড়কের কাছে এসে মুখোমুখি অবস্থানে পৌঁছায়। তখন থেকেই পরিস্থিতি উত্তপ্ত হয়ে ওঠে। দুই পক্ষের নেতাকর্মীরা স্লোগানে স্লোগানে উত্তেজনা সৃষ্টি করে। তাৎক্ষণিকভাবে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনতে পুলিশ মোতায়েন করা হয়। গতকাল বুধবার (৬ আগস্ট) বিকেল সাড়ে ৫টার দিকে জাবেদ মাসুদ মিল্টনের নেতৃত্বে একটি মিছিল সরকারি কলেজের সামনে থেকে যাত্রা শুরু করে। মিছিলের আগে সেখানে সংক্ষিপ্ত সমাবেশে বক্তব্য রাখেন জেলা বিএনপির সদস্য সচিব অ্যাডভোকেট কামরুল হাসান, যুগ্ম আহ্বায়ক ফয়েজ মোহাম্মদ, আমিরুল ইসলামসহ জেলা ও উপজেলা পর্যায়ের নেতৃবৃন্দ। মিছিলটি শহরের প্রধান সড়ক ধরে বড়বাজারের দিকে অগ্রসর হয়। অপরদিকে, একই সময় সাবেক সংসদ সদস্য মাসুদ অরুনের নেতৃত্বে অপর মিছিলটি বের হয় শহরের সড়ক জনপথ ভবনের সামনে থেকে। মিছিলের আগে সেখানে অনুষ্ঠিত সংক্ষিপ্ত

২-এর পৃষ্ঠা দেখুন

## মেহেরপুরে বাণিজ্যিকভাবে মাশরুম চাষ, লাখপতি হচ্ছেন যুবকরা

নিজস্ব প্রতিবেদক

এক সময় হোটেল-রেস্তোরাঁ কিংবা ওষুধ শিল্পেই সীমাবদ্ধ ছিল মাশরুমের ব্যবহার। এখন তা গ্রামীণ অর্থনীতির সম্ভাবনাময় খাতে রূপ নিয়েছে। মেহেরপুরে বাণিজ্যিকভাবে মাশরুম চাষ করে অনেক তরুণ ও নারী আর্থিকভাবে স্বাবলম্বী হচ্ছেন। গাংনী পৌরসভার উত্তরপাড়ার কৃষক সাইফুল ইসলাম ১৪ বছর আগে কয়েক বিঘা জমিতে মাশরুম চাষ শুরু করেন। বর্তমানে তার দুই বিঘার খামারে ঝুলন্ত অবস্থায় ১৪ হাজার স্পন রয়েছে। প্রতিদিন উৎপাদন হচ্ছে ৪০ থেকে ৫০ কেজি মাশরুম, যা গ্রীষ্মকালে দৈনিক প্রায় ১৫ হাজার টাকায় বিক্রি হয়। শীতকালে উৎপাদন আরও বাড়ে। বছরে তার আয় ১৮ থেকে ২০ লাখ টাকা। সাইফুল ইসলাম বলেন, ‘কম খরচে লাভ বেশি হওয়ায় মাশরুম চাষে নিয়মিত বিনিয়োগ

২-এর পৃষ্ঠা দেখুন





## গাংনীতে বোমা ফাটিয়ে সংঘবদ্ধ ডাকাতি, আটক ৫

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুরের গাংনী উপজেলার ধানখোলা সড়কে বোমার বিস্ফোরণ ঘটিয়ে সংঘবদ্ধ ডাকাতি সংঘটিত হয়েছে। মঙ্গলবার (৫ আগস্ট) রাত ১০টার দিকে গাংনী পৌরসভার বিল্লালের নার্সারির সামনে এ ঘটনা

২-এর পৃষ্ঠা দেখুন

## গাংনী পুলিশের বিশেষ অভিযানে গ্রেফতার -৭

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুর জেলা পুলিশের বিশেষ অভিযানের অংশ হিসেবে গাংনী থানা পুলিশের নেতৃত্বে গত ২৪ ঘণ্টায় পৃথক স্থানে অভিযান চালিয়ে ৭ জন ওয়ারেন্টভুক্ত আসামিকে গ্রেফতার করা হয়েছে। মঙ্গলবার রাত থেকে বুধবার সকাল পর্যন্ত পরিচালিত এ অভিযানে মাদক ও গ্রেফতারি পরোয়ানাভুক্ত বিভিন্ন মামলার আসামিরা ধরা পড়ে। গ্রেফতারকৃতরা হলেন গাংনী গাড়াবাড়িয়া মাদক মামলার জোহার ভুক্ত আসামি দোয়াত আরীর ছেলে মন্টু মিয়া, এই গ্রামের আওলাদ হোসেনের ছেলে

২-এর পৃষ্ঠা দেখুন



## মেহেরপুরে শিক্ষার্থীদের জন্য ফ্রি মেডিকেল ক্যাম্প

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুর সদর উপজেলার গোভীপুর মাধ্যমিক বিদ্যালয়ে শিক্ষার্থীদের জন্য বিনামূল্যে দিনব্যাপী মেডিকেল ক্যাম্প অনুষ্ঠিত হয়েছে। বুধবার (৬ আগস্ট) সকাল থেকে লাইফ কেয়ারের হাসপাতালের উদ্যোগে বিদ্যালয় প্রাঙ্গণে এই ক্যাম্পের আয়োজন করা হয়। বিদ্যালয় ম্যানেজিং কমিটির আহ্বায়ক খালিদ সাইফুল মেডিকেল ক্যাম্পের

২-এর পৃষ্ঠা দেখুন

## কুষ্টিয়ায় অজ্ঞাত দুই নারীর মরদেহ উদ্ধার

কুস্টিয়া প্রতিনিধি

কুষ্টিয়া শহরের প্রাণকেন্দ্র কোর্টপাড়া বারো শরিফ দরবারের পাশের একটি বাড়ির সামনে থেকে এবং মিরপুর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স চত্বর থেকে থেকে অজ্ঞাত দুই নারীর মরদেহ উদ্ধার করেছে পুলিশ। গতকাল বুধবার (০৬ আগস্ট) সকাল সাড়ে ১০টার দিকে শহরের কোর্টপাড়া বারো শরিফ দরবারের পাশে মরদেহটি পড়ে থাকতে দেখে স্থানীয়রা পুলিশে খবর দেন। কুষ্টিয়া মডেল থানা পুলিশের একটি দল ঘটনাস্থল থেকে মরদেহের সুরতহাল প্রস্তুত করে তা ময়নাতদন্তের জন্য মর্গে প্রেরণ করে। এ ঘটনার সত্যতা নিশ্চিত করে কুষ্টিয়া মডেল থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মোশারফ হোসেন জানান, সকালের দিকে স্থানীয়দের কাছ থেকে সংবাদ পেয়ে ঘটনাস্থল থেকে একজন নারীর মরদেহ উদ্ধার করা হয়েছে। নিহতের শরীর ও মুখমন্ডলে আঘাতের চিহ্ন রয়েছে। প্রাথমিকভাবে ধারণা করা হচ্ছে তাকে অন্য কোথাও হত্যা করে মরদেহ এখানে ফেলা হয়েছে। সব বিষয় ধারণায় নিয়েই খতিয়ে দেখা হচ্ছে। মরদেহের পরিচয় শণাক্ত করতে আশপাশের মানুষদের সাথে কথা বলা হচ্ছে। অন্যদিকে, গতকাল বুধবার (০৬ আগস্ট) বেলা সাড়ে ১১টার দিকে মিরপুর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের গাড়ি গ্যারেজের পেছন থেকে পানিতে ভাসমান অবস্থায় অজ্ঞাত আরও এক নারীর গলিত মরদেহ উদ্ধার করেছে মিরপুর থানা পুলিশ। বুধবার সকালে ঘটনাস্থলে মরদেহটি ডোবায় ভাসতে দেখে স্থানীয়রা পুলিশে সংবাদ দেন। মিরপুর থানার

২-এর পৃষ্ঠা দেখুন



## মুজিবনগরে লক্ষাধিক টাকার গাঁজা গাছ উদ্ধার, আটক ১

মুজিবনগর প্রতিনিধি

মেহেরপুরের মুজিবনগর থানা পুলিশের অভিযানে ৩টি গাঁজার গাছসহ বুলবুল নামের এক ব্যক্তিকে আটক করেছে। গতকাল বুধবার(৬ আগস্ট) সকালের দিকে মুজিবনগর উপজেলার মোনাখালী গ্রাম থেকে গাঁজার গাছ ৩টি উদ্ধার করা হয়। মুজিবনগর থানার অফিসার্স ইনচার্জ (ওসি) মিজানুর রহমান জানান, মোনাখালী গ্রামে গাঁজা চাষ হচ্ছে এমন গোপন সংবাদের ভিত্তিতে অভিযান পরিচালনা করি। অভিযানে

২-এর পৃষ্ঠা দেখুন

## গাংনীতে গ্যাস সিলিন্ডার বিস্ফোরণে মিষ্টির দোকান পুড়ে ছাই

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুরের গাংনী উপজেলার কাজীপুর গ্রামে একটি মিষ্টির দোকানে গ্যাস সিলিন্ডার বিস্ফোরণে ভয়াবহ অগ্নিকাণ্ডের ঘটনা ঘটেছে। এতে নগদ টাকা ও বিভিন্ন খাদ্যসামগ্রীসহ পুরো দোকানটি পুড়ে ছাই হয়ে গেছে। ঘটনাটি ঘটেছে গত মঙ্গলবার (৫ আগস্ট) সন্ধ্যার দিকে কাজীপুর গোলাম বাজারে। স্থানীয় ব্যবসায়ী সোহেল রানার মালিকানাধীন ওই মিষ্টির দোকানে এ বিস্ফোরণের ঘটনা ঘটে। দোকান মালিক সোহেল রানা জানান, তার দোকানে একটি গ্যাস সিলিন্ডার ব্যবহার করা হতো। ধারণা করা হচ্ছে, সিলিন্ডারটি পুরনো ও ত্রুটিপূর্ণ হওয়ায় সেটি হঠাৎ বিস্ফোরিত

২-এর পৃষ্ঠা দেখুন




## গণঅভ্যর্থন দিবস উপলক্ষে গাংনীতে বিজয় শোভাযাত্রা

গাংনী প্রতিনিধি

গণঅভ্যর্থন দিবস উপলক্ষে মেহেরপুরের গাংনীতে আলোচনা সভা ও বিজয় শোভাযাত্রা করেছে বাংলাদেশ জাতীয়তাবাদী দল (বিএনপি)।গতকাল বুধবার (৬ আগস্ট) বিকেল সাড়ে ৫টায় সাবেক এমপি আমজাদ হোসেনের বাসভবনের সামনে থেকে শুরু হয় বিজয় শোভাযাত্রা। শহরের প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ শেষে শোভাযাত্রাটি একই স্থানে এসে শেষ হয়। এর আগে আয়োজিত আলোচনা সভায় সভাপতিত্ব করেন গাংনী উপজেলা বিএনপির সভাপতি আমিরুল

২-এর পৃষ্ঠা দেখুন

## ঝিনাইদহে বিএনপির বিজয় র‍্যালি

ঝিনাইদহ প্রতিনিধি

স্বৈরাচারী আওয়ামী লীগ সরকারের পতন ও জুলাই গণঅভ্যুত্থানের বর্ষপূতি উপলক্ষে ঝিনাইদহে বিজয় র‍্যালি করেছে বিএনপি। জেলা বিএনপির আয়োজনে বুধবার (৬ আগস্ট) সকালে শহরের উজির আলী স্কুলের সামনে থেকে একটি বর্ণাঢ্য র‍্যালি বের করা হয়। র‍্যালিটি শহরের বিভিন্ন সড়ক প্রদক্ষিণ করে শহীদ মিনারের সামনে গিয়ে শেষ হয়। এতে জেলা, উপজেলা, পৌর বিএনপি, যুবদল, শ্রমিকদল, কৃষকদলসহ অঙ্গ ও সহযোগী সংগঠনের হাজার হাজার নেতাকর্মী অংশ নেয়। র‍্যালি শেষে শহীদ মিনার চত্বরে অনুষ্ঠিত হয় সংক্ষিপ্ত সমাবেশ। সমাবেশে জেলা

২-এর পৃষ্ঠা দেখুন



## জাতীয় স্বার্থে সব দল ঐক্যবদ্ধ থাকা জরুরি

সূর্যোদয় প্রতিবেদন

মতপার্থক্য থাকলেও রাজনৈতিক দলগুলোকে দেশ ও জনগণের স্বার্থে এক থাকার আহ্বান জানিয়েছেন বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমান। তারেক রহমান বলেন, জাতীয় স্বার্থে সব দলকে ঐক্যবদ্ধ থাকা জরুরি। গতকাল বুধবার (৬ আগস্ট) আওয়ামী লীগ সরকারের পতন ও ছাত্র-জনতার বিজয়ের বর্ষপূর্তি উপলক্ষে বাংলাদেশ জাতীয়তাবাদী দল বিএনপির বিজয় র‍্যালিতে ভার্চুয়ালি যুক্ত হয়ে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব বলেন। তারেক রহমান বলেন,

২-এর পৃষ্ঠা দেখুন

**অনুবাক্য**
**মামুনুর রশিদ মামুন**
**খবর:( গাংনীতে ইকোপার্ক উন্নয়ন**

প্রকল্পে ২৪ লাখ টাকা আত্মসাৎ)
কোন কাজ?ই করলি না তুই
প্রকল্পের মাঠে
গায়েব করলি সব টাকায়
উন্নয়নের নামে ।
ডিসির নামে ইকো পার্ক
ডিসির নাম জড়িয়ে
কেমন করে তুললে টাকা
পকেট রাখলি ভরিয়ে।
প্রকল্প করে অনলি টাকা
একটু কাজ নে করিয়ে
কমিটিকে চুপ থাকতে
৫০০০ টাকা দিলে ধরিয়ে।
এক টাকার করলি না কাজ
তুললি পচিশ লাখ
তোর মতো থাকলে অফিসার
দেশ হয়ে যাবে শাট ।
ডিসি স্যারের উচিত হবে
আইনের আওতায় এনে
জাতা কলে পিসে তাদের
চাকরি নিতে হবে খেয়ে ।




## নির্বাচনে এসপি-ওসিদের পোস্টিং হবে লটারির মাধ্যমে: স্বরাষ্ট্র উপদেষ্টা

সূর্যোদয় প্রতিবেদন

স্বরাষ্ট্র উপদেষ্টা লেফটেন্যান্ট জেনারেল (অব.) মো. জাহাঙ্গীর আলম চৌধুরী বলেছেন, আসন্ন জাতীয় সংসদ নির্বাচনে এসপি ও ওসিদের পোস্টিং লটারির মাধ্যমে নির্ধারণ করা হবে। এ ব্যবস্থা নেওয়া হয়েছে যাতে গুরুত্বপূর্ণ এসব পদ নিয়ে কোনো প্রশ্ন না ওঠে। তফসিল

২-এর পৃষ্ঠা দেখুন

## নির্বাচনে ৪৭ হাজার কেন্দ্রে বডি ক্যামেরা দেওয়া হবে: স্বরাষ্ট্র উপদেষ্টা

সূর্যোদয় প্রতিবেদন

আসন্ন জাতীয় সংসদ নির্বাচন সুষ্ঠু ও নিরপেক্ষ করার লক্ষ্যে আইনশৃঙ্খলা বাহিনীকে আরও শক্তিশালী করতে ৪৭ হাজার ভোট কেন্দ্রে একটি করে বডি ক্যামেরা দেওয়া হবে বলে জানিয়েছেন স্বরাষ্ট্র উপদেষ্টা লেফটেন্যান্ট জেনারেল (অব.) জাহাঙ্গীর আলম চৌধুরী। বুধবার স্বরাষ্ট্র মন্ত্রণালয়ে নির্বাচন সংক্রান্ত বিভিন্ন কর্মপরিকল্পনা নির্ধারণের জন্য অনুষ্ঠিত এক সভার পর তিনি বলেন, সারাদেশে নির্বাচন পরিচালনায় প্রয়োজনীয় ফোর্সের পরিমাণ নিরূপণসহ বডি

২-এর পৃষ্ঠা দেখুন



## হাসনাত-সারজিসসহ ৫ নেতাকে কারণ দর্শানোর নোটিশ

সূর্যোদয় প্রতিবেদন

দলের রাজনৈতিক পর্ষদকে আগে থেকে না জানিয়ে কক্সবাজার ভ্রমণ করায় জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) শীর্ষ ৫ নেতাকে কারণ দর্শানোর নোটিশ দেওয়া হয়েছে। তাদের আগামী ২৪ ঘণ্টার মধ্যে সশরীরে উপস্থিত হয়ে নোটিশের জবাব দিতে বলা হয়েছে। গতকাল

২-এর পৃষ্ঠা দেখুন

## দেশ চালাবেন রাজনীতিবিদরা, এই সরকার না, এজন্যই নাম অন্তর্বর্তী সরকার

সূর্যোদয় প্রতিবেদন

জাতীয় ঐকমত্য কমিশনের সহসভাপতি ড. আলী রীয়াজ বলেছেন, ‘বাংলাদেশ চালাবেন রাজনীতিবিদরা, অন্তর্বর্তী সরকার না। এজন্যই তো এর নাম অন্তর্বর্তী সরকার। বিরাট একটা গণঅভ্যুত্থানের মধ্য দিয়ে যে অর্জন, সেই অর্জনের সবটাই এই সরকার করবে, রাজনৈতিক সংস্কৃতির বদল হবে না!’ বুধবার সকালে রাজধানীর সিরডাপে ‘গণমাধ্যমের স্বাধীনতা: অভিযোগ ও স্ব-নিয়ন্ত্রণ অন্বেষণ বিষয়ক সংলাপ’-এ এসব কথা বলেন তিনি।

সাংবাদিকদের কাছে প্রশ্ন রেখে আলী রীয়াজ বলেন, ‘আমি বিস্ময়ের সঙ্গে জিজ্ঞাসা করি-গত ষোল বছর ধরে যে পরিস্থিতি আপনারা মোকাবিলা করেছেন, কেন সাংবাদিক ইউনিয়নের পক্ষ থেকে, আপনাদের পক্ষ থেকে সিভিল সোসাইটিকে যুক্ত করে এমন একটা কিছু তৈরি হলো না, যারা আসলে গত ষোল বছরকে রিভিউ করলেন।’ তিনি বলেন, ‘সাংবাদিকদের কাছে আমি মাঝে মাঝে প্রশ্ন করি,

২-এর পৃষ্ঠা দেখুন

হৃদয়ে লাল সবুজ

# আমাদের সূর্যোদয়

ঢাকা ॥ বৃহস্পতিবার ॥ ২৩ শ্রাবণ ১৪৩২ বাংলা ॥ ৭ আগষ্ট ২০২৫ইং

# দায়িত্ব পালনে অবহেলায় এসিল্যান্ডদের বিরুদ্ধে বিভাগীয় ব্যবস্থা

সূর্যোদয় প্রতিবেদন

কর্মস্থলে অনিয়মের সঙ্গে জড়িত থাকলে বা সরকারি দায়িত্ব পালনে অবহেলা-অনীহা দেখালে এসিল্যান্ডদের (সহকারী কমিশনার-ভূমি) বিরুদ্ধে শাস্তি হিসেবে বিভাগীয় ব্যবস্থা নেওয়া হবে। এমন নিয়ম রেখে 'সহকারী কমিশনারদের (ভূমি) পদায়ন নীতিমালা, ২০২৫' করেছে ভূমি মন্ত্রণালয়। গত সোমবার মন্ত্রণালয় নীতিমালার পরিপত্র জারি করে। নীতিমালায় বলা হয়েছে, সহকারী কমিশনারের (ভূমি) কর্মকাল সাধারণত দুই বছর হবে। সহকারী কমিশনার (ভূমি) হিসেবে প্রথম পদায়নে জেলা সদর ও রাজস্ব সার্কেলের বাইরে এই নীতিমালায় উল্লেখ করা ?'খ' ও 'গ' শ্রেণির উপজেলায় পদায়ন করা যাবে। নিজ জেলা ও স্বামী বা স্ত্রীর জেলায় সহকারী কমিশনার (ভূমি) পদে পদায়ন করা যাবে না জানিয়ে নীতিমালায় বলা হয়েছে, স্বামী বা স্ত্রী সহকারী কমিশনার (ভূমি) হিসেবে ন্যস্ত হলে ওই কর্মকর্তার স্ত্রী বা স্বামী প্রজাতন্ত্রের কর্মকর্তা হিসেবে নিয়োজিত থাকলে সরকারের সিদ্ধান্ত অনুসারে একই বিভাগে এবং সম্ভব হলে একই জেলায় পদায়ন করা যাবে। নীতিমালায় আরও বলা হয়েছে, কর্মস্থলে বিভিন্ন রকম অনিয়ম বা অনৈতিকতার সঙ্গে সংশ্লিষ্ট থাকা বা সরকারি দায়িত্ব পালনে অনীহা বা শৈথিল্য প্রদর্শন ইত্যাদি ক্ষেত্রে শাস্তিমূলক হিসেবে বিভাগীয় ব্যবস্থা নেওয়া হবে। জনসম্পৃক্ততা বিবেচনা করে সব মহানগরীর রাজস্ব সার্কেল বা সহকারী কমিশনারের (ভূমি) শূন্য পদ পূরণ করতে হবে। অর্থনৈতিক অঞ্চল বা অর্থনৈতিকভাবে বিশেষ গুরুত্বপূর্ণ, এমন অঞ্চল বা সব উপজেলা সদর বা পৌর এলাকাভুক্ত উপজেলায় সহকারী কমিশনার (ভূমি) পদায়নে অগ্রাধিকার দিতে হবে। এ ছাড়া উপজেলা বা সার্কেলের ভূমিসংক্রান্ত কাজের পরিমাণ, ব্যাপকতা, বহুমাত্রিকতা, জনসম্পৃক্ততা, ভূমি অধিগ্রহণ ও ভূমি হুকুমদখল, সায়রাত মহালসহ রাষ্ট্রীয় উন্নয়ন কাজ ইত্যাদি বিষয় বিবেচনা করে সহকারী কমিশনার (ভূমি) পদে পদায়ন/নিয়োগ/বদলির ক্ষেত্রে অগ্রাধিকার নির্ধারণ করতে হবে। ইউনিয়নের সংখ্যা, জনসংখ্যার অনুপাত, গুরুত্বপূর্ণ স্থাপনার অবস্থান ইত্যাদির অনুপাতে উপজেলার পদ অগ্রাধিকার ভিত্তিতে পূরণ করা হবে। অপেক্ষাকৃত দুর্গম, প্রাকৃতিক বা ভৌগোলিক কারণে অন্য উপজেলা থেকে

৩-এর পৃষ্ঠা দেখুন

জীবন ধারা



## কৈশোরে সঠিক পুষ্টি: সুস্থ ভবিষ্যতের মূলভিত্তি

সূর্যোদয় প্রতিবেদন

কৈশোরকাল জীবনের এমন একটি সংবেদনশীল সময়, যখন শরীর ও মনের মধ্যে ব্যাপক পরিবর্তন ঘটে। এই সময়ে পুষ্টি ঘাটতি শুধু বর্তমান নয়, ভবিষ্যতকেও প্রভাবিত করে। বিশেষজ্ঞরা বলছেন, এই বয়সে যথাযথ পুষ্টির অভাব শিশুদের শারীরিক বিকাশ, মানসিক স্বাস্থ্য এবং রোগ প্রতিরোধ ক্ষমতায় নেতিবাচক প্রভাব ফেলে। দ্রুত শারীরিক বৃদ্ধি, তাই বাড়তি পুষ্টির চাহিদা : বিশেষজ্ঞদের মতে, ১০ থেকে ১৯ বছর বয়স পর্যন্ত ছলেমেয়েদের হাড়, পেশি ও উচ্চতার দ্রুত বৃদ্ধি ঘটে। এই বৃদ্ধির জন্য প্রয়োজন ক্যালসিয়াম, প্রোটিন ও ভিটামিন ডি। খাদ্যতালিকায় দুধ, ডিম, মাছ, বাদাম ও শাকসবজি রাখা অপরিহার্য। ক্যালসিয়ামের ঘাটতি ভবিষ্যতে হাড়ের দুর্বলতা ও অস্টিওপরোসিসের ঝুঁকি বাড়াতে পারে।
মস্তিষ্কের বিকাশেও গুরুত্বপূর্ণ ভূমিকা : চিকিৎসাবিজ্ঞান বলছে, কৈশোরে মস্তিষ্কের বিকাশের গতি বেড়ে যায়। এই সময়ে ওমেগা-৩ ফ্যাটি অ্যাসিড, আয়রন এবং বি-কমপ্লেক্স ভিটামিনসমৃদ্ধ খাবারড়যেমন মাছ, বাদাম, ডাল, ফল ও শস্যড়স্মৃতিশক্তি ও মনোযোগ বৃদ্ধিতে সহায়ক। বিপরীতে জাঙ্ক ফুড স্মৃতিশক্তি দুর্বল

৩-এর পৃষ্ঠা দেখুন




## নির্বাচনের সময় ঘোষণায় কেউ কেউ হতাশ: মির্জা ফখরুল

সূর্যোদয় প্রতিবেদন

ফেব্রুয়ারিতে নির্বাচনের ঘোষণায় কেউ কেউ হতাশ হয়েছেন বলে মন্তব্য করেছেন বিএনপির মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর। আজ বুধবার রাজধানীর গুলশানে দলের চেয়ারপারসনের কার্যালয়ে সংবাদ সম্মেলনে তিনি বলেন, নির্বাচনের সময় হিসেবে ২০২৬ সালের ফেব্রুয়ারিকে নির্ধারণের ঘোষণাকে আমরা স্বাগত জানাচ্ছি। বিএনপি মনে করে, এই ঐতিহাসিক ঘোষণায় বাংলাদেশ রাজনৈতিক অচলাবস্থা কাটিয়ে উঠবে এবং গণতন্ত্রে উত্তরণের পথ সুগম হবে। তবে নির্বাচনের সময় ঘোষণায় কেউ কেউ হতাশ হয়েছেন। যারা হতাশ হয়, তারা সারা জীবনই হতাশ থাকে।'
সংবাদ সম্মেলনে বিএনপির স্থায়ী কমিটির সদস্য সালাহউদ্দিন আহমেদও উপস্থিত ছিলেন। নির্বাচনের ঘোষণায় কয়েকটি রাজনৈতিক দলের খুশি না হওয়া প্রসঙ্গে মির্জা ফখরুল ইসলাম আলমগীর বলেন, 'এখনো তারা আনুষ্ঠানিক ঘোষণা দেয়নি, তাৎক্ষণিক প্রতিক্রিয়া

৩-এর পৃষ্ঠা দেখুন

## দলে ফিরে নাটকীয় জয় এনে দিলেন মেসি

সূর্যোদয় প্রতিবেদন

উত্তর ও মধ্য আমেরিকার লিগ কাপের প্রথম রাউন্ডে অ্যাটলাসের বিপক্ষে নাটকীয় জয় পেয়েছে ইন্টার মায়ামি। বৃহস্পতিবার (৩১ জুলাই) চেজ স্টেডিয়ামে হওয়া এই ম্যাচে এক ম্যাচের নিষেধাজ্ঞা কাটিয়ে মাঠে ফিরেই আলো ছড়ান আর্জেন্টাইন সুপারস্টার লিওনেল মেসি। মেসি গোল না করলেও ম্যাচে দলকে জেতাতে রেখেছেন বড় ভূমিকাড়করেছেন দুটি দুর্দান্ত অ্যাসিস্ট। অন্যদিকে, এদিনই ইন্টার মায়ামির জার্সিতে অভিষেক হয়েছে মেসির জাতীয় দলের সতীর্থ রদ্রিগো ডি পলের। প্রথমার্ধে দু'দলই রক্ষণভাগে নজর দেয়ায় গোলশূন্যভাবে শেষ হয়। দ্বিতীয়ার্ধের ৫৭তম মিনিটে ম্যাচের প্রথম গোল আসে মেসির পাস থেকে। ডি-বক্সে বল পেয়ে অনায়াসে গোল করেন সেগোভিয়া। তবে ৮০ মিনিটে ম্যাচে সমতা ফেরায় মেক্সিকান

৩-এর পৃষ্ঠা দেখুন



## জুলাই ঘোষণাপত্রের সমালোচনা করে যা বললেন মামুনুল হক

সূর্যোদয় প্রতিবেদন

গত৫ আগস্ট ঐতিহাসিক 'জুলাই ঘোষণাপত্র' নিয়ে সমালোচনা করেছেন বাংলাদেশ খেলাফত মজলিসের আমির মাওলানা মামুনুল হক।
তিনি বলেছেন, 'প্রধান উপদেষ্টার পাঠ করা জুলাই ঘোষণাপত্র, ঘোষণার আয়োজন এবং একটি মাত্র দলের সঙ্গে আলাপের ভিত্তিতে জাতীয় নির্বাচনের তারিখ ঘোষণড় সবকিছুই প্রমাণ করে, ইসলামপন্থিদের মতামত, আত্মত্যাগ ও সাংগঠনিক ভূমিকাকে অবজ্ঞা করা হয়েছে। এটি শুধু দুঃখজনক নয়, বরং গণতান্ত্রিক মূল্যবোধ, ঐতিহাসিক বাস্তবতা এবং জনগণের আকাঙ্ক্ষার প্রতি চরম অবহেলার শামিল।'গতকাল বুধবার (৬ আগস্ট) গণমাধ্যমে পাঠানো এক বিবৃতিতে এসব কথা বলেন মামুনুল হক। তিনি বলেন, 'জুলাই গণ-অভ্যুত্থানে যারা রক্ত দিয়েছেনড় আলেম-ওলামা, মাদ্রাসা শিক্ষক ও

৩-এর পৃষ্ঠা দেখুন

## যুক্তরাষ্ট্রের সেকেন্ডারি শুল্কে বিপাকে চীন ও রাশিয়া

সূর্যোদয় প্রতিবেদন

যুক্তরাষ্ট্রের সম্ভাব্য সেকেন্ডারি শুল্ক আরোপের ফলে অর্থনৈতিকভাবে ক্ষতিগ্রস্ত হতে পারে চীন, রাশিয়া এবং ইউরোপীয় ইউনিয়ন (ইইউ)। বাণিজ্য বিশ্লেষকরা মনে করছেন, প্রেসিডেন্ট ট্রাম্প চীনা পণ্যের ওপর পুনরায় শুল্ক আরোপ করলে তা শুধু চীন নয়, যুক্তরাষ্ট্রকেও মূল্যস্ফীতির চাপের মুখে ফেলবে। যুক্তরাষ্ট্রের বাজারে চীনের বিপুল পরিমাণ ভোক্তা পণ্যের উপস্থিতিড়যেমন ইলেকট্রনিক্স, পোশাক ও খেলনাড়দ্রুত বিকল্প খুঁজে পাওয়ার সুযোগ সীমিত করে। এর ফলে চীনা পণ্যের ওপর শুল্ক বসালে আমেরিকানদের বেশি দামে এসব পণ্য কিনতে হবে, যা সাধারণ মানুষের জীবনযাত্রার ব্যয় বাড়াবে। অর্থনীতিবিদদের মতে, চীনের ওপর অতিরিক্ত চাপের ফলে দেশটির উৎপাদন খাতে বড় ধরনের চাকরি সংকট দেখা দিতে পারে। তাছাড়া, চীন

৩-এর পৃষ্ঠা দেখুন




## শেখা নয়, অস্ট্রেলিয়ায় ট্রফি জিততে যাচ্ছে সোহানের দল

সূর্যোদয় প্রতিবেদন

অস্ট্রেলিয়ার মাটিতে বাংলাদেশের জাতীয় দল প্রায় ১০ বছর ধরে খেলার সুযোগ পাননি। ২০১৫ বিশ্বকাপের পর থেকে কোনো আন্তর্জাতিক ম্যাচ হয়নি অস্ট্রেলিয়ায়। এছাড়া দ্বিপক্ষীয় সিরিজের শেষ আয়োজন হয়েছিল ১৭ বছর আগে। তাই অস্ট্রেলিয়ায় খেলা এখন বাংলাদেশের জন্য এক ধরনের বিলাসিতা। তবে এবার সেই বিরল সুযোগ কাজে লাগাতে যাচ্ছে বাংলাদেশ 'এ' দল। টপ এন্ড টি-টোয়েন্টি টুর্নামেন্টে অংশ নিতে দুই ধাপে অস্ট্রেলিয়ার উদ্দেশে দেশ ছাড়বে সোহানরা। ৭ দলের এই প্রতিযোগিতায় নেতৃত্বে রয়েছেন নুরুল হাসান সোহান। গতবার রানার্সআপ হওয়া হাই পারফরম্যান্স দলের বিপরীতে এবার তারা ট্রফি জেতার লক্ষ্য নিয়ে মাঠে নামবে। আজ সংবাদ সম্মেলনে সোহান বলেন, "শেখার প্রক্রিয়ায় আমি খুব

৩-এর পৃষ্ঠা দেখুন



## যুক্তরাষ্ট্রে উড্ডয়নের পরপরই বিমান বিধ্বস্ত, নিহত ৪

সূর্যোদয় প্রতিবেদন

যুক্তরাষ্ট্রের অ্যারিজোনা অঙ্গরাজ্যের উত্তরাঞ্চলে উড্ডয়নের কিছুক্ষণের মধ্যেই একটি ছোট যাত্রীবাহী বিমান বিধ্বস্ত হয়ে চারজন নিহত হয়েছেন। নিহতদের মধ্যে রয়েছেন একজন পাইলট, একজন সহ-পাইলট ও দুজন চিকিৎসাকর্মী। ঘটনাটি ঘটে মঙ্গলবার স্থানীয় সময়

৩-এর পৃষ্ঠা দেখুন

## ভূমিকম্পে রাশিয়ার পারমাণবিক সাবমেরিন ঘাঁটির ক্ষতি

সূর্যোদয় প্রতিবেদন

গত ৩০ জুলাই রাশিয়ার পূর্ব উপকূলীয় এলাকায় ৮ দশমিক ৮ মাত্রার শক্তিশালী ভূমিকম্প আঘাত হানে। ভয়াবহ এ ভূমিকম্পে কেঁপে উঠে গোটা রাশিয়া। জারি করা হয় সুনামি সতর্কতা। রাশিয়া বাদেও জাপান, যুক্তরাষ্ট্র, দক্ষিণ কোরিয়া, চিলি ও ফ্রান্সে সুনামির সতর্কতা জারি করে। ভয়াবহ এ ভূমিকম্পে রাশিয়ার একটি পারমাণবিক সাবমেরিন ঘাঁটি ক্ষতিগ্রস্ত হয়েছে। খবর দ্য গার্ডিয়ানের। প্রতিবেদনে ব্রিটিশ গণমাধ্যমটি জানিয়েছে,

৩-এর পৃষ্ঠা দেখুন



## পাকিস্তানের পরবর্তী প্রেসিডেন্ট হচ্ছেন অসীম মুনির

সূর্যোদয় প্রতিবেদন

পাকিস্তানের বর্তমান সেনাপ্রধান ফিল্ড মার্শাল অসীম মুনিরকে ঘিরে দেশজুড়ে আলোচনার কেন্দ্রে এখন একটি প্রশ্নড় তিনি কি হতে যাচ্ছেন

৩-এর পৃষ্ঠা দেখুন

## আদানিকে বাঁচাতেই মোদির নীরবতা: রাহুল গান্ধী

সূর্যোদয় প্রতিবেদন

ভারতের কংগ্রেস নেতা রাহুল গান্ধী অভিযোগ করেছেন, আদানি গ্রুপের বিরুদ্ধে যুক্তরাষ্ট্রে চলমান দুর্নীতি তদন্তের কারণেই প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের হুমকির বিরুদ্ধে কোনো অবস্থান নিতে পারছেন না। এই নীরবতার পেছনে আদানি-মোদির আর্থিক সম্পর্ক এবং রাশিয়ার তেলের লেনদেন জড়িয়ে পড়ার শঙ্কাই দায়ী বলে দাবি করেছেন তিনি। মঙ্গলবার এক্স (পূর্বে টুইটার)-এ দেওয়া এক পোস্টে রাহুল বলেন,

৩-এর পৃষ্ঠা দেখুন

শর্মা ফুড প্লাজা
বাদল ফেন্সি মার্কেট, প্রধানসড়ক, মেহেরপুর।
মোবাইল : ০১৩০৯- ৯১৯১৩৩
অ্যাপিটাজার, স্যান্ডউইস , বার্গার, সসেজ, চাউমিন এন্ড নুডলস, স্পেশাল ডাম্পলিংস. ফ্রাই বক্স , মিট বক্স এড, পান্তা, সালাদ , ফ্যামেলি প্যাক, পিজা, ডিসার্ট আইটেম, নাসোজ. শর্মা রোল,


ফ্যামলি প্যাকেজস,সেট মেনু, শেক, মোজিটা , কোল্ড এন্ড কফি, কম্বো, রাইস বল আইটেম, বিরানি নান গ্রীল, ছাড়াও এখানে সব ধরনের কাচ্ছি পাওয়া যায়।
এখানে মনোরম পরিবেশে বিভিন্ন ধরনের সেমিনার, জন্মদিনের পার্টি ও বিবাহ বার্ষিকী অনুষ্ঠানের বিশেষ সুবিধা আছে।

প্রযুক্তি

## ফোনের অ্যাপ বারবার ক্র্যাশ করলে যা করবেন

সূর্যোদয় প্রতিবেদন



স্মার্টফোন ব্যবহারের ক্ষেত্রে অ্যাপ ক্র্যাশ হওয়া একটি সাধারণ সমস্যা। চলাফেরা করার সময় হঠাৎ কোনো অ্যাপ বন্ধ হয়ে যায় বা হ্যাং হয়ে যায়, যখন এমনটি বারবার হয়, তখন যে কেউ বিরক্ত হতে পারে। আসলে অ্যান্ড্রয়েডে অ্যাপ ক্র্যাশ হওয়ার অনেক কারণ থাকতে পারে। অ্যাপ ক্র্যাশ হওয়ার প্রধান কারণগুলোর মধ্যে রয়েছে পুরোনো সেকেলে অ্যাপ, অ্যাপ ডেটা লিক এবং সফটওয়্যার সংক্রান্ত যে কোনও সমস্যা। এছাড়া, এটি ফোনে স্টোরেজ সমস্যা বা অ্যাপের পারমিশনের কারণেও ঘটে। কিছু টিপস অনুসরণ করে অ্যাপ ক্র্যাশ হওয়ার সমস্যা সমাধান করা যেতে পারে।
স্মার্টফোনে অ্যাপ ক্র্যাশের জন্য এই টিপসগুলো অনুসরণ করা উচিত- ফোন রিস্টার্ট করা : যদি স্মার্টফোনে অ্যাপ ক্র্যাশ হওয়ার সমস্যার হয়, তাহলে ফোনটি রিস্টার্ট করে সমস্যা সমাধান করা যেতে পারে। ফোন বন্ধ করার পরে, অ্যাপটি আবার চালু করে চেক করা যেতে পারে।
সফটওয়্যার আপডেট : যদি প্রায়ই ফোনে আসা সফটওয়্যার আপডেটগুলোকে অ্যাক্টিভ না করা হয়, তবে এটিও অ্যাপ ক্র্যাশ হওয়ার একটি কারণ হিসেবে বিবেচিত হতে পারে। পুরোনো সফটওয়্যার : পুরোনো সফটওয়্যারগুলো অ্যাপের

৩-এর পৃষ্ঠা দেখুন

মায়ের হাসি ক্লিনিক
ও নিউ হেলথ্ কেয়ার ল্যাব
মোতাছিম বিল্লাহ মতু'র বাসা, কাশারীপাড়া, মেহেরপুর
পরীক্ষাসমূহ ✓ ই.সি.জি (কম্পিউটারাইজড) ✓ এক্স-রে ✓ আল্ট্রাসনোগ্রাফি ✓ হরমন এনালাইসিস ✓ সকল প্রকার প্যাথলজি পরীক্ষা ✓ মহিলা বিশেষজ্ঞ দ্বারা নরমাল ডেলিভারি, সিজারিয়ান ও সব ধরনের অপারেশন ✓ আধুনিক যন্ত্রপাতি ও যত্নবান সেবা
সিরিয়ালের জন্য যোগাযোগ: রিসিপশন : ০১৩০৬-৯২৫৬২৫
মার্কেটিং - জসিম : ০১৭১৩-৯১২৫৫১ বাপ্পী : ০১৭১২-২১৪১৩১
নিয়মিত রোগী দেখেন
শিশুরোগ, শিশুপুষ্টি ও মেডিসিন বিশেষজ্ঞ
ডাঃ এম.র. মালিক
এমবিবিএস, ডিসিএইচ (আয়ারল্যান্ড) এমএসসি (পুষ্টি) ডিসিএম, সিসিডি, এমএসসি (সাইকো) এমপিএইচ,আইপিপিএস (অষ্টেলিয়া) সিসিড, পিজিপিএন বোস্টন ইউনিভার্সিটি, আমেরিকা)এফআরএসএম (লন্ডন) এফআরএসএইচ (লন্ডন), এমএএমএস (ভিয়েনা), সিপেড, বিসিএস (স্বাস্থ্য)ফেলো রয়েল সোসাইটি অব মেডিসিন (লন্ডন), রিসার্চ ফেলো-সিঙ্গাপুর ও অস্ট্রেলিয়া এসোসিয়েট প্রফেসর ও বিভাগীয় প্রধান (এক্স) নর্থ বেঙ্গল মেডিকেল কলেজ হসপিটাল
রোগী দেখেন : প্রতি রবিবার সকাল ৮ টা থেকে দুপুর ২ টা।
নবজাতক, শিশু ও কিশোর রোগ বিশেষজ্ঞ
ডাঃ কানিজ নাঈমা
এম.বি.বি.এস, বিসিএস (স্বাস্থ্য), ডিসিএইচ (শিশু) জুনিয়র কনসালটেন্ট (শিশু) ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল, মেহেরপুর।
রোগী দেখেন: দুপুর ২ টা থেকে ৩ টা। ( শুক্রবার ব্যাতিত)
প্রসূতি ও স্ত্রীরোগ চিকিৎসক সার্জন ও সনোলজিষ্ট
ডাঃ রুমানা হেলালী (জুসি)
এম.বি.বি.এস (ঢাকা), বিসিএস (এফ.পি), ডি.এম.ইউ ই ও সি (অবস্ এন্ড গাইনী), মেডিকেল অফিসার, মা ও শিশু কল্যাণ কেন্দ্র,মেহেরপুর। গাইনী, বন্ধ্যাত্ব, গর্ভবতী, প্রসূতী, কিশোরী ও স্ত্রী রোগের চিকিৎসা করেন।
মেডিকেল প্রাক্টিশনার ও মেডিসিন রোগে অভিজ্ঞ
ডাঃ মুত্তাকী বিল্লাহ শাফিন
এমবিবিএস(ডিইউ)
আবাসিক মেডিকেল অফিসার, মায়ের হাসি ক্লিনিক, প্রতিদিন নিয়মিত রোগী দেখেন।
মেডিসিন, ডায়াবেটিস ও সনোলজিস্ট
ডাঃ এস.এম. আরাফাত আল আকাশ
এম.বি.বি.এস (ডি.ইউ), সিসিডি (বারডেম), পিজিটি (মেডিসিন), সি এম ইউ (আল্ট্রা) এইচ. এম. ও
রোগী দেখেন: প্রতি শুক্র ও শনিবার সকাল ১০ টা থেকে রাত্রি ৮ টা

ভারপ্রাপ্ত সম্পাদক : মাহবুবুল হক পোলেন। আবুল কাসেম অনুরাগী কর্তৃক স্টাডি হাউজ, মহিলা কলেজ রোড, গাংনী, মেহেরপুর থেকে প্রকাশিত ও হাই কোয়ালিটি প্রিন্টার্স ২৯, স্যার ইকবাল রোড, কুস্টিয়া থেকে মুদ্রিত।
সম্পাদকীয় ও বাণিজ্যিক কার্যালয় : প্রধান সড়ক, হোটেল বাজার মোড়, মেহেরপুর-৭১০০। মোবাইল : ০১৭১৪৯৩৮৬৪৭ ই-মেইল : surjonews@gmail .com


হৃদয়ে লাল সবুজ
# আমাদের সূর্যোদয়
মেহেরপুর, বৃহস্পতিবার, ৭ আগষ্ট ২০২৫ ইং

## চীফ জুডিশিয়াল শাজাহান আলীর প্রশংসনীয় পদক্ষেপ

মেহেরপুরের চীফ জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট মোঃ শাজাহান আলীর আদালতে পৃথক তিনটি মামলার রায়ে ১৮ জন আসামিকে কারাদণ্ড ও অর্থদণ্ড প্রদানের ঘটনা নিঃসন্দেহে একটি প্রশংসনীয় পদক্ষেপ। এটি আমাদের বিচারব্যবস্থার সক্রিয়তা এবং আইনের শাসনের প্রতিফলন। প্রথমত, মাদক সংক্রান্ত মামলায় হেরোইন ও ইয়াবা রাখার দায়ে তিনজনকে দণ্ড প্রদান একটি সময়োপযোগী পদক্ষেপ। মাদকের ভয়াবহ বিস্তার আমাদের সমাজ, পরিবার ও তরুণ প্রজন্মের জন্য চরম হুমকি। এ ধরনের অপরাধের বিরুদ্ধে দ্রুত ও দৃষ্টান্তমূলক রায় মাদক ব্যবসায়ীদের জন্য সতর্কবার্তা হয়ে দাঁড়াবে। দ্বিতীয়ত, ভূমি দখল সংক্রান্ত মামলায় ১৫ জনকে কারাদণ্ড প্রদান একটি গুরুত্বপূর্ণ দৃষ্টান্ত। গ্রামীণ সমাজে ভূমি সংক্রান্ত বিরোধ প্রায়শই সহিংসতায় রূপ নেয় এবং দীর্ঘদিন ধরে ভুক্তভোগীরা বিচার না পেয়ে ন্যায়বিচার থেকে বঞ্চিত হন। নতুন প্রণীত ভূমি অপরাধ প্রতিরোধ ও প্রতিকার আইন, ২০২৩ প্রয়োগ করে এ ধরনের অপরাধের বিরুদ্ধে আইনি পদক্ষেপ নেয়া নিঃসন্দেহে আশার আলো দেখায়। তবে এসব রায় যেন বিচ্ছিন্ন দৃষ্টান্ত হয়ে না থাকেড়সেটিই এখন বড় চ্যালেঞ্জ। একদিকে যেমন মাদক ব্যবসা নিয়ন্ত্রণে আরও কঠোর নজরদারি ও গোয়েন্দা তৎপরতা দরকার, অন্যদিকে ভূমি দখল প্রতিরোধে প্রশাসন, ভূমি অফিস, স্থানীয় সরকার ও আইনশৃঙ্খলা বাহিনীকে সমন্বিতভাবে কাজ করতে হবে। এছাড়া, রায় কার্যকর করার বিষয়টিও অত্যন্ত গুরুত্বপূর্ণ। অনেক সময় আদালতের রায় ঘোষিত হলেও বাস্তবে তা বাস্তবায়নে দীর্ঘসূত্রতা ও নানা প্রভাবশালী বাধার সম্মুখীন হতে হয়। বিচারপ্রাপ্তির এ ধারাবাহিকতা বজায় রাখতে হলে রাষ্ট্রের আইন প্রয়োগকারী সংস্থাগুলোর সক্রিয়তা এবং নাগরিকদের সচেতন অংশগ্রহণ নিশ্চিত করতে হবে। মেহেরপুর আদালতের এই সাহসী পদক্ষেপ সমাজে ন্যায়বিচার প্রতিষ্ঠার পথে একটি বলিষ্ঠ পদক্ষেপ হিসেবে বিবেচিত হওয়া উচিত। আমরা আশা করি, আইনের প্রতি আস্থা ও শ্রদ্ধা জাগাতে এ ধরনের রায় আরও বেশি করে আসবে এবং অপরাধীরা বুঝতে পারবে এদেশে কেউই আইনের উর্ধ্বে নয়।

আবুল কাসেম অনুরাগী

# মর্যাদা ছাড়া শিক্ষক, শিক্ষা নয় চরিত্র গঠনের পথ



বাংলাদেশের শিক্ষা ব্যবস্থায় গত কয়েক দশকে অনেক পরিবর্তন এসেছে। শিক্ষার্থীর সংখ্যা বেড়েছে, পাঠ্যবই আধুনিক হয়েছে, তথ্যপ্রযুক্তির ব্যবহার বেড়েছে, এমনকি কোচিং ও প্রাইভেট পড়ার সংস্কৃতিও ব্যাপকতা পেয়েছে। কিন্তু শিক্ষার মূল উদ্দেশ্য ভালো মানুষ তৈরি তা যেন ক্রমশ আড়ালে চলে যাচ্ছে। শিক্ষার্থীরা হয়তো জিপিএ-৫ পাচ্ছে, পরীক্ষায় ভাল ফল করছে, কিন্তু চারিত্রিক দৃঢ়তা, শৃঙ্খলা ও মূল্যবোধের চর্চায় তারা পিছিয়ে পড়ছে। এই বিচ্যুতির একটি মূল কারণ শিক্ষকের মর্যাদা ও শাসনের ন্যায্য ক্ষমতার ক্রমাগত হ্রাস। একসময় শিক্ষক ছিলেন শ্রদ্ধার প্রতীক। তাঁর একটি কথায় শ্রেণিকক্ষে নেমে আসত নিরবতা, শিক্ষার্থীরা তাঁর প্রতি ভালোবাসা ও ভয়মিশ্রিত সম্মান পোষণ করত। আজ সেই শিক্ষকের কথায় নড়ে না অনেক শিক্ষার্থী; বরং কোথাও কোথাও শিক্ষক অপমানিত হচ্ছেন শিক্ষার্থী ও অভিভাবকের কাছে, কেবল এজন্য যে তিনি শাসনের প্রয়োগ করেছেন। বর্তমান শিক্ষা প্রতিষ্ঠানে এমন পরিবেশ তৈরি হয়েছে, যেখানে শিক্ষক 'শাসন' করলে শাস্তি পান, অথচ শিক্ষার্থী 'অশোভন আচরণ' করলেও তা "ছোট মানুষ" বলে মাফ পেয়ে যায়। এটি শুধু শিক্ষকের নয়, গোটা শিক্ষা ব্যবস্থার জন্যই অপমানজনক ও বিপজ্জনক। আমরা ভুলে যাচ্ছি একজন পিতা-মাতা যেমন সন্তানের কল্যাণে শাসন করেন, তেমনি একজন শিক্ষকও শিক্ষার্থীর ভবিষ্যতের জন্য কঠোর হতে পারেন। আদর্শ শিক্ষা কখনোই কেবল তথ্য মুখস্থ করানো নয়; বরং তা আত্মনিয়ন্ত্রণ, নৈতিকতা, দায়িত্ববোধ ও শৃঙ্খলার পাঠ।

কিন্তু বর্তমান আইনি ও সামাজিক কাঠামোতে শিক্ষক যেন বন্দি হয়ে আছেন পাঠ্যসূচি ও পরীক্ষার নম্বরের গণ্ডিতে। তাঁর হাতে নেই শাসনের বৈধ ক্ষমতা, নেই শিক্ষার্থীর আচরণ সংশোধনের ন্যায্য সুযোগ। এমনকি অনেক সময় প্রশাসনিক দৃষ্টিভঙ্গিও শিক্ষককে দুর্বল করে দেয়। তাই এখন সময় এসেছে সাহসী শিক্ষা সংস্কারের। শিক্ষকের হাতে ফিরিয়ে দিতে হবে যথাযথ সম্মান, নৈতিক শাসন ও শৃঙ্খলা প্রতিষ্ঠার অধিকার। অবশ্যই সেই শাসন হতে হবে নির্যাতনবর্জিত, আদর্শনির্ভর ও মানবিকড়্যা শিক্ষার্থীর চরিত্র গঠনে সহায়ক হবে। শিক্ষকের মর্যাদা কেবল বক্তৃতা দিয়ে প্রতিষ্ঠিত হয় না। তা নিশ্চিত করতে হবে রাষ্ট্রীয় নীতিমালায়, সামাজিক আচরণে এবং শিক্ষাপ্রতিষ্ঠানের বাস্তব চর্চায়। শিক্ষক যদি কেবল পাঠদানের যন্ত্রে পরিণত হন, আর তাঁর হাতে না থাকে ন্যায্য শাসনের হাতিয়ারড়তবে শিক্ষা কখনোই একটি দায়িত্ববান, বিবেকবান প্রজন্ম গড়ে তুলতে পারবে না। শিক্ষা সংস্কারে তাই প্রথম পদক্ষেপ হওয়া উচিতড় শিক্ষকের প্রতি সম্মান, আস্থা ও শাসনের অধিকার ফিরিয়ে দেওয়া। কারণ, শিক্ষক যদি শক্তিহীন হন, তাহলে শিক্ষাও শক্তিহীন হয়ে পড়ে। আর শক্তিহীন শিক্ষা কখনোই সমাজ গঠনের হাতিয়ার হতে পারে না।(লেখক: শিক্ষাবীদ ও প্রকাশক আমাদের সূর্যোদয়)

# নারী শিক্ষায় ইসলামের আলোকিত উত্তরাধিকার

জাহেদুল ইসলাম আল রাইয়ান

মানবসভ্যতার ইতিহাসে প্রথম যে শব্দটি নাজিল হয়েছিল, তা ছিল "পড়ো"। (সূরা আল-আলাক: ১) এই একটিমাত্র শব্দ দিয়ে শুরু হয়েছিল জ্ঞানের বিপ্লব। এটি ছিল মানবজাতির প্রতি প্রথম নির্দেশ, যা অজ্ঞতার অন্ধকার ভেদ করে জ্ঞানের আলোয় আলোকিত হওয়ার আহ্বান জানায়। এই আহ্বান শুধু পুরুষের জন্য নয়, বরং সমানভাবে নারীর জন্যও প্রযোজ্য। ইসলামের সূচনালগ্ন থেকেই নারী-পুরুষ উভয়ের জন্য জ্ঞানার্জনকে অধিকার ও কর্তব্য হিসেবে নির্ধারণ করা হয়েছে। ইসলামের ইতিহাসে নারীরা কখনো গৃহবন্দি বা নিষ্ক্রিয় ছিলেন না; বরং তাঁরা ছিলেন সভ্যতা, সংস্কৃতি ও জ্ঞানের অগ্রদূত। মহানবী হযরত মুহাম্মদ (সা.)-এর স্ত্রী হযরত আয়েশা (রা.) ছিলেন একজন বিশিষ্ট ইসলামি পণ্ডিত। তাঁর থেকে দুই হাজারেরও বেশি হাদিস বর্ণিত হয়েছে। তিনি কেবল নারী শিক্ষার প্রতীক নন, বরং পুরুষ আলেমদেরও শিক্ষক ছিলেন। তাফসিরকার ইবনে কাসির উল্লেখ করেছেন, "আয়েশা (রা.)-এর জ্ঞান বহু পুরুষ আলেমের চেয়েও গভীর ও উচ্চতর ছিল।" তাবেঈ যুগে দামেস্কের মসজিদে নারী-পুরুষ উভয়ের পাঠদানের দায়িত্বে নারীর অংশগ্রহণ এ কথাই প্রমাণ করেড় ইসলামে জ্ঞানচর্চায় নারীর সম্মানজনক অবস্থান ছিল ও থাকবে। কুরআনের ঘোষণা অনুযায়ী, "তোমাদের মধ্যে যারা বিশ্বাসী ও জ্ঞানী, আল্লাহ তাদের মর্যাদা বৃদ্ধি করবেন।" এখানে কোথাও লিঙ্গভেদ করা হয়নি; বরং জ্ঞানকে মর্যাদার মাপকাঠি হিসেবে বিবেচনা করা হয়েছে। রাসুলুল্লাহ (সা.) বলেছেন, "জ্ঞান অর্জন করা প্রত্যেক মুসলিম নর-নারীর জন্য ফরজ।" (ইবনে মাজাহ) ইসলামি স্কলার ইমাম নববী বলেন, "ধর্ম ও নৈতিকতার জন্য প্রয়োজনীয় জ্ঞান নারী-পুরুষ উভয়ের জন্যই সমানভাবে ফরজ।"

শুধু ধর্মীয় জ্ঞান নয়, উচ্চশিক্ষা ও বিজ্ঞানের ক্ষেত্রেও মুসলিম নারীদের অবদান চোখে পড়ার মতো। নবম শতকে মরক্কোর ফেজ শহরে ফাতিমা আল-ফিহরি প্রতিষ্ঠা করেন আল-কাইরাউইন বিশ্ববিদ্যালয়ড় বিশ্বের প্রাচীনতম সচল বিশ্ববিদ্যালয়। প্রায় এক হাজার বছর আগে একজন নারী যে শিক্ষা প্রতিষ্ঠান গড়ে তুলেছিলেন, তা আজও চলমান। এটি প্রমাণ করে, ইসলাম নারী শিক্ষাকে শুধু অনুমোদনই করেনি, বরং তা ছিল ইসলামি সভ্যতার গৌরব। আজকের যুগে নারী শিক্ষা কেবল সামাজিক অগ্রগতির অংশ নয়, এটি জাতি গঠনের মূল চাবিকাঠি। রাসুলুল্লাহ (সা.) বলেন, "যে ব্যক্তি জ্ঞানের পথে অগ্রসর হয়, আল্লাহ

## লাখপতি হচ্ছেন যুবকরা

বাড়িয়েছি। এখন অনেকেই আমার দেখে উৎসাহিত হয়ে এই খাতে আসছেন।' ঝুলন্ত প্রতিটি স্পনের কাঠের গুঁড়া বা বিচালির ভেতরে বীজ রোপণের ১০-১৫ দিনের মধ্যেই মাশরুম সংগ্রহযোগ্য হয়। বাজারে এর কেজিপ্রতি দাম ২৫০ থেকে ৩০০ টাকা। ঢাকাসহ দেশের বিভিন্ন জেলায় সরবরাহ করা হয় এসব মাশরুম। সফল চাষি মনিরুল ইসলাম জানান, মাত্র এক শতাংশ জমিতে ১২০০ বড় স্পন দিয়ে দিনে ২০ থেকে ২৫ কেজি পর্যন্ত মাশরুম উৎপাদন হয়। কোনো কোনো দিন তা ৮০-৯০ কেজি পর্যন্ত পৌঁছায়। বছরে আয় হয় ৪-৫ লাখ টাকা। তিনি বলেন, 'আমি নিজের অভিজ্ঞতা দিয়ে স্থানীয় বেকারদের উৎসাহ দিচ্ছি।' নারীরাও মাশরুম চাষে পিছিয়ে নেই। আছিয়া খাতুন ও রিপা খাতুন জানান, ঘরের কাজের পাশাপাশি মাশরুম চাষ সহজেই করা যায়। এতে মাসে সন্তোষজনক আয় হচ্ছে। তরুণ উদ্যোক্তা এস এম তারেক বলেন, 'আমি নিজেই একটি খামার তৈরির লক্ষ্যে প্রশিক্ষণ নিচ্ছি। মাশরুম চাষে ভালো ভবিষ্যৎ দেখছি।' মাশরুম চাষ ছড়িয়ে পড়ায় কৃষি বিভাগের পক্ষ থেকেও সহযোগিতা দেওয়া হচ্ছে। মেহেরপুর জেলা কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের উপ-পরিচালক শামসুল আরেফিন বলেন, 'মাশরুম চাষ সম্প্রসারণে আমরা নগদ সহায়তা, উন্নত বীজ ও কারিগরি সহযোগিতা দিচ্ছি। এতে তরুণরা আগ্রহী হচ্ছে, যা স্থানীয় অর্থনীতির জন্য অত্যন্ত ইতিবাচক।'

## গাংনী পুলিশের বিশেষ অভিযানে

মোঃ রফিকুল ইসলাম। সে গ্রফতারি পরোয়ানাভুক্ত আসামি। ছাতিয়ান গ্রামের নজরুল ইসলামের ছেলে মোঃ আশাদুল ইসলাম (৪৩), সে গ্রফতারি পরোয়ানাভুক্ত আসামি। কল্যাণপুর গ্রামের জমির উদ্দিনের ছেলে মোঃ ইছারুদ্দীন। সে গ্রেফতারি পরোয়ানাভুক্ত আসামি। লক্ষীনারায়নপুর গ্রামের আকছাদ আলীর ছেলে মোঃ ইনতাজ আলী (৬০)। সে গ্রফতারি পরোয়ানাভুক্ত আসামি। নিশিপুর গ্রামের মৃত শের আরীর ছেলে আবু হোসেন (৩৯)। সে গ্রফতারি পরোয়ানাভুক্ত আসামি ও ধলা গ্রামের নজরুল ইসলামের ছেলে মোঃ নাহিদুল ইসলাম। সেগ্রেফতারি পরোয়ানাভুক্ত আসামি। গাংনী থানা পুলিশের পক্ষ থেকে জানানো হয়েছে, গ্রেফতারকৃতদের প্রাথমিক জিজ্ঞাসাবাদ শেষে বিজ্ঞ আদালতে সোপর্দ করা হয়েছে। মেহেরপুর জেলার সার্বিক আইনশৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখতে এবং অপরাধ দমনে এই বিশেষ অভিযান চলমান থাকবে।

## মেহেরপুরে শিক্ষার্থীদের জন্য ফ্রি

উদ্বোধন করেন । এ সময় উপস্থিত ছিলেন বিদ্যালয়ের প্রধান শিক্ষক সাহারুল ইসলাম, সহকারী শিক্ষক আব্দুল হাকিম, কমিটির সদস্য জাহাঙ্গীর হোসেন, স্থানীয় গণ্যমান্য ব্যক্তিবর্গসহ অভিভাবকরা। উদ্বোধনী বক্তব্যে খালিদ সাইফুল ইসলাম বলেন, "শিক্ষার্থীদের সুস্বাস্থ্যই জাতি গঠনের অন্যতম ভিত্তি। তাদের প্রাথমিক স্বাস্থ্যসেবা নিশ্চিত করতে এ আয়োজন করেছি। ভবিষ্যতে এ ধরনের কার্যক্রম নিয়মিত আয়োজনের পরিকল্পনা রয়েছে।" ক্যাম্পে লাইফ কেয়ার হাসপাতালেল স্বার্থ কর্মীরা বিদ্যালয়ের তিন শতাধিক শিক্ষার্থীর রক্তের গ্রুপ নির্ণয়, প্রাথমিক স্বাস্থ্যপরীক্ষা, সাধারণ চিকিৎসা পরামর্শ প্রদান করেন। স্বাস্থ্যসেবা পেয়ে খুশি শিক্ষার্থীরা। নবম শ্রেণির শিক্ষার্থী মাহিমা খাতুন জানায়, "এই প্রথম জানলাম আমার ব্লাড গ্রুপ কী। খুব ভালো লাগছে।" বিদ্যালয়ের প্রধান শিক্ষক সাহারুল ইসলাম বলেন, "শিক্ষার্থীদের স্বাস্থ্য সচেতনতায় এ ধরনের উদ্যোগ অত্যন্ত প্রশংস-নীয়। আমরা চাই, এমন কার্যক্রম নিয়মিত হোক।" দিনশেষে শিক্ষার্থীদের হাতে স্বাস্থ্য বিষয়ক সচেতনতামূলক লিফলেট এবং ফ্রি মাস্ক বিতরণ করা হয়। পুরো আয়োজনজুড়ে ছিল উৎসবমুখর পরিবেশ ও সেবামূলক আন্তরিকতা।

## কুষ্টিয়ায় অজ্ঞাত দুই নারীর মরদেহ উদ্ধার

ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মোমিনুল ইসলাম জানান, 'নিহতের পরিচয় এবং কীভাবে কারা তাকে হত্যা করে মরদেহ ফেলে গেছে সে বিষয়ে তদন্ত করে দেখছে পুলিশ'।

## মুজিবনগরে লক্ষাধিক টাকার গাঁজা

মোনাখালী গ্রামের মোনাজাত আলীর ছেলে বুলবুলের তার বাড়ির পিছনে লাগানো ৩টি বড় ধরনের গাঁজার গাছ উদ্ধার করেন। গাছগুলোর মোট ওজন আনুমানিক ১০ কেজি এবং বাজারমূল্য প্রায় এক লক্ষ টাকা। এ সময় বুলবুলকে গ্রেফতার করা হয়। তার বিরুদ্ধে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন একটি মামলা দায়ের করা হয়েছে। স্থানীয়দের ধারণা, গোপনে দীর্ঘদিন ধরেই ওই এলাকায় গাঁজার চাষ চলছিল। তবে পুলিশের হস্তক্ষেপে বিষয়টি প্রকাশ্যে আসে।

## গাংনীতে গ্যাস সিলিন্ডার বিস্ফোরণে

হয়। বিস্ফোরণের পরপরই আগুন ছড়িয়ে পড়ে এবং মুহূর্তেই দোকানের সব কিছু পুড়ে যায়। নগদ টাকা, খাদ্যসামগ্রী, আসবাবপত্রসহ দোকানের সকল মালামাল আগুনে পুড়ে ভস্মিভূত হয়। তিনি আরও বলেন, "বিস্ফোরণের শব্দ শুনে লোকজন ছুটে আসে। কিন্তু তখন আর কিছুই করার ছিল না। আগুন সব কিছু পুড়িয়ে দিয়েছে।" হঠাৎ এই দুর্ঘটনায় চরম ক্ষতির মুখে পড়েছেন সোহেল রানা। একমাত্র জীবিকার উৎসটিও হারিয়ে দিশেহারা হয়ে পড়েছেন তিনি। স্থানীয়রা জানান, বাজারে ফায়ার সার্ভিসের ব্যবস্থা না থাকায় আগুন নিয়ন্ত্রণে আনতে সময় লেগে যায়। ফলে ক্ষয়ক্ষতির পরিমাণ আরও বেড়ে যায়।

## গণঅভ্যর্থন দিবস উপলক্ষে গাংনীতে

ইসলাম। অনুষ্ঠানটি সঞ্চালনা করেন বিএনপি নেতা মোস্তাফিজুর রহমান বাবলু।আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন বিএনপি নেতা সাজেদুর রহমান বুলবুল। অন্যান্যের মধ্যে বক্তব্য দেন সাহারবাটি ইউনিয়ন পরিষদের ভারপ্রাপ্ত চেয়ারম্যান আসমা আক্তার, কাথুলী ইউনিয়ন বিএনপির সাবেক সাধারণ সম্পাদক রবিউল ইসলাম রবি, সাবেক কাউন্সিলর নাসির উদ্দিন, যুবদল নেতা সুজন মাহমুদ, সোহেল আহমেদ ও সুমন খান। আলোচনা সভা ও শোভাযাত্রাকে ঘিরে বিএনপি, যুবদল, স্বেচ্ছাসেবক দল ও ছাত্রদলের বিভিন্ন পর্যায়ের নেতাকর্মীদের অংশগ্রহণে উৎসবমুখর পরিবেশের সৃষ্টি হয়। দলীয় নেতাকর্মীদের মিলনমেলায় পরিণত হয় পুরো গাংনী শহর।

## জাতীয় স্বার্থে সব দল ঐক্যবদ্ধ থাকা

রাজনৈতিক দলগুলোর মধ্যে বিভিন্ন ইস্যুতে মতভেদ থাকতেই পারে। এসব দূর করতে আলোচনা চলবে। কিন্তু জাতীয় ইস্যু বা গণতন্ত্রের প্রশ্নে আমাদের মুখ দেখাদেখি বন্ধ হওয়া চলবে না। ধর্ম, দর্শন, মত যার যার-রাষ্ট্র সবার। তাই জাতীয় স্বার্থে আমাদের ঐক্যবদ্ধ থাকতে হবে। তিনি দেশ ও জনগণের কল্যাণে সকলের সহযোগিতা কামনা করেন। এছাড়া গণতন্ত্র ও আইনের শাসন প্রতিষ্ঠায় নাগরিকদের সতর্ক ও সচেতন হওয়ারও ডাক দেন। তারেক রহমান বলেন, ফ্যাসিবাদের সময় আমরা নিরাপদ ছিলাম না। আমাদের সন্তানরা নিরাপদ ছিল না। ভোটের অধিকার কেড়ে নেয়া হয়েছিল। পুরো দেশকে বন্দিশালা বানানো হয়েছিল। গণতন্ত্র ও আইনের শাসন না থাকায় এমনটি ঘটেছে। তিনি আশাবাদ ব্যক্ত করে বলেন, চব্বিশের আন্দোলনের ফলে নতুন সুযোগ তৈরি হয়েছে। এ সুযোগ কাজে লাগিয়ে জনগণের রাজনৈতিক ও অর্থনৈতিক ক্ষমতা নিশ্চিত করতে পারলে, ভবিষ্যতে কেউ ফ্যাসিবাদ বা তাবেদার রাষ্ট্র প্রতিষ্ঠার চেষ্টা করবে না। বিজয় মিছিল প্রসঙ্গে তিনি বলেন, আজকের বিজয় মিছিল অন্ধকার থেকে বেরিয়ে আলোর পথে যাত্রা।

## স্বরাষ্ট্র উপদেষ্টা

ঘোষণার আগেই এ পরিবর্তন করা হবে। ডিসি ও ইউএনওদের ক্ষেত্রেও লটারির ব্যবস্থা হতে পারে। বুধবার (৬ আগস্ট) স্বরাষ্ট্র মন্ত্রণালয়ে নির্বাচন সুষ্ঠুভাবে সম্পন্ন করতে আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর কর্মপরিকল্পনা নিয়ে এক বৈঠক শেষে তিনি এ কথা জানান। স্বরাষ্ট্র উপদেষ্টা বলেন, গতকাল প্রধান উপদেষ্টা নির্বাচনের প্রস্তুতি শুরু হওয়ার কথা বলেছেন। তারই ধারাবাহিকতায় আজ আমরা আলোচনা করেছি। তিনি বলেন, নির্বাচনের সময় লজিস্টিক সহায়তা নিয়ে এ বৈঠকে আলোচনা হয়েছে। ডিসি, এসপি, ইউএনও ও ওসিরা নির্বাচনে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখেন। প্রার্থীরা তাদের পছন্দের কর্মকর্তা চাইতে পারেন। কিন্তু এবার গণমাধ্যমের সামনে লটারি করে এসপি ও ওসিদের পোস্টিং দেওয়া হবে। তিনি যোগ করেন, নির্বাচনের আগে এসপি ও ওসিদের লটারির মাধ্যমে বদলি করা হবে। ওসিদের লটারি বিভাগভিত্তিক করা হবে। ডিসিদের ক্ষেত্রে জনপ্রশাসন মন্ত্রণালয় সিদ্ধান্ত নেবে। আশা করি, তারাও লটারি করবে। জাহাঙ্গীর আলম বলেন, তফসিল ঘোষণার কিছুদিন আগে লটারি করা হবে। তফসিল ঘোষণার পর পোস্টিং পরিবর্তনের দায়িত্ব নির্বাচন কমিশনের হাতে চলে যায়। তারা চাইলে আরও পরিবর্তন করতে পারবেন। তিনি আরও বলেন, ৪৭ হাজার ভোটকেন্দ্রের প্রতিটিতে কমপক্ষে একটি করে বডি ক্যামেরা থাকবে। সিনিয়র কর্মকর্তার কাছে ক্যামেরা থাকবে, যাতে ভোটকেন্দ্রের সব রেকর্ড থাকবে। সব মিলিয়ে প্রায় ৮ লাখ আইনশৃঙ্খলা বাহিনীর সদস্য নির্বাচনে দায়িত্ব পালন করবে।

## স্বরাষ্ট্র উপদেষ্টা

ক্যামেরা বিতরণ বিষয়ে সিদ্ধান্ত নেয়া হয়েছে। তিনি জানান, প্রিজাইডিং অফিসারদের যাতে নির্বাচনী কেন্দ্রে অবস্থান করতে হয়, বাসায় না ফেরার ব্যবস্থা নেয়া হবে। পাশাপাশি তাদের সঙ্গে আনসার ও পুলিশের সদস্যরা থাকবে। উপদেষ্টা আরও বলেন, ৪৭ হাজার ভোট কেন্দ্রে প্রত্যেক কেন্দ্রে একটি করে বডি ক্যামেরা পুলিশের সিনিয়র কর্মকর্তাদের কাছে থাকবে। সংশ্লিষ্ট বাহিনীকে বডি ক্যামেরা ব্যবহারে প্রশিক্ষণ দেওয়া হবে। এছাড়া নির্বাচন কমিশনকেও পোলিং ও প্রিজাইডিং অফিসারদের প্রশিক্ষণ দেওয়ার আহ্বান জানানো হয়েছে। নির্বাচনকে সুষ্ঠু করতে আইনশৃঙ্খলা বাহিনীকে মহড়া ও অনুশীলনের মাধ্যমে প্রস্তুত করা হবে। তিনি জানান, নির্বাচনের সময় আনসার, পুলিশ ও সেনাবাহিনী মিলিয়ে প্রায় আট লাখ সদস্য মোতায়েন থাকবে। ৭৬ কর্মকর্তাকে সংযুক্ত বদলি করা হবে, যা নিয়মিত প্রক্রিয়ার অংশ। স্বরাষ্ট্র উপদেষ্টা বলেন, "আমরা চাই নির্বাচন যাতে সুষ্ঠু হয়, তাই সবাইকে বডি ক্যামেরা দেওয়া হবে এবং প্রয়োজনীয় প্রশিক্ষণ ও সমন্বয় করা হবে।"

## হাসনাত-সারজিসসহ ৫ নেতাকে

বুধবার (৬ আগস্ট) এনসিপির যুগ্ম সদস্য সচিব (দপ্তর) সালেহ উদ্দীন সিফাত স্বাক্ষরিত পৃথক চিঠিতে দলের ৫ নেতাকে শোকজ করা হয়। এতে বলা হয়, 'গতকাল ৫ আগস্ট জুলাই অভ্যুত্থানের প্রথম বর্ষপূর্তি ও রাষ্ট্রীয় গুরুত্বপূর্ণ দিবসে আপনি এবং দলের আরও চারজন কেন্দ্রীয় সদস্য ব্যক্তিগত সফরে কক্সবাজার গিয়েছেন। এই সফর সংক্রান্ত কোনো তথ্য কিংবা ব্যাখ্যা রাজনৈতিক পর্ষদের কাছে আগে অবগত করা হয়নি।' এতে আরও বলা হয়, এমতাবস্থায়, 'আপনাদের এই সিদ্ধান্তের কারণ ও প্রেক্ষাপট সম্পর্কে আগামী ২৪ ঘন্টার মধ্যে আহ্বায়ক মো. নাহিদ ইসলাম এবং সদস্যসচিব আখতার হোসেনের নিকট স্বশরীরে উপস্থিত হয়ে লিখিত ব্যাখ্যা দেওয়ার জন্য আপনাদের নির্দেশক্রমে অনুরোধ করা যাচ্ছে।' প্রসঙ্গত, জুলাই ঘোষণাপত্রের অনুষ্ঠান উদযাপনে ঢাকায় লাখো জনতার সমাবেশে যোগ না দিয়ে কক্সবাজার যান জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) ৫ শীর্ষ নেতা। তাদের এই আকস্মিক সফর ঘিরে রাজনৈতিক অঙ্গনে ধূম্রজাল তৈরি হয়। সাবেক এক বিদেশি রাষ্ট্রদূতের সঙ্গে কক্সবাজারে অবস্থানরত এনসিপি নেতাদের গোপন বৈঠক হচ্ছে এমন গুঞ্জন ছড়িয়ে পড়ে গণমাধ্যম ও সামাজিক যোগাযোগমাধ্যমে। এ নিয়ে সামাজিক যোগাযোগমাধ্যমে নানা আলোচনা-সমালোচনা হয়।

কক্সবাজারে যাওয়া নেতারা হলেন এনসিপির মুখ্য সংগঠক (দক্ষিণাঞ্চল) হাসনাত আবদুল্লাহ, মুখ্য সংগঠক (উত্তরাঞ্চল) সারজিস আলম, মুখ্য সমন্বয়ক নাসীরুদ্দীন পাটওয়ারী এবং দলের জ্যেষ্ঠ যুগ্ম সদস্য সচিব ডা. তাসনিম জারা। এ সময় জারার সঙ্গে তার স্বামী খালেদ সাইফুল্লাহ এবং সারজিস আলমের সঙ্গে তার স্ত্রী ছিলেন। যাদের শোকজ করা হয়েছে তারা হলেন- হাসনাত আবদুল্লাহ, সারজিস আলম, নাসীরুদ্দীন পাটওয়ারী, ডা. তাসনিম জারা ও খালেদ সাইফুল্লাহ। এনসিপি নেতারা বাংলাদেশ বিমানের একটি ফ্লাইটে (ইএ-৪৩৩) ঢাকা থেকে কক্সবাজার পৌঁছান। এরপর দ্রুত তারা বিমানবন্দর থেকে বেরিয়ে যান। এ সময় তাদের কয়েকজনের মুখমণ্ডল মাস্কে ঢাকা ছিল। উল্লেখ্য, যুক্তরাষ্ট্রের সাবেক রাষ্ট্রদূত পিটার হাস ঢাকায় কর্মরত থাকার সময় হাসিনা সরকারের গুম খুন এবং ভোট কারচুপির বিষয়ে সোচ্চার ছিলেন। এসব নিয়ে প্রাকাশ্যে মন্তব্য করায় তাকে আওয়ামী লীগের নেতাকর্মীদের তোপের মুখেও পড়তে হয়। তবে হাসিনা সরকারের পতনের আগেই তিনি ঢাকায় তার দায়িত্ব শেষ করে যুক্তরাষ্ট্রে ফিরে যান। বর্তমানে তিনি তরলীকৃত প্রাকৃতিক গ্যাস (এলএনজি) রপ্তানিতে যুক্ত মার্কিন বহুজাতিক কোম্পানি এক্সিলারেট এনার্জির কৌশলগত উপদেষ্টা হিসাবে কর্মরত।

## ঝিনাইদহে বিএনপির বিজয় র‍্যালি

বিএনপির সভাপতি এ্যাডভোকেট এমএ মজিদ, সাধারণ সম্পাদক জাহিদুজ্জামান, কেন্দ্রীয় নেতা আমিরুল খাঁন শিমুল, সিনিয়র সহ-সভাপতি আব্দুল মজিদ বিশ্বাস ও সাংগঠনিক সম্পাদক সাজেদুর রহমান পপপু ও জেলা যুবদলের সভাপতি আশরাফুল ইসলাম পিন্টুসহ অন্যান্যরা বক্তব্য রাখেন। সমাবেশে বক্তারা বলেন, একদলীয় শাসনের অবসান ঘটিয়ে জনগণ যে আন্দোলনের মাধ্যমে গণতন্ত্র পুনঃপ্রতিষ্ঠার পথ সুগম করেছে, তা বাংলাদেশের রাজনৈতিক ইতিহাসে এক অনন্য উদাহরণ হয়ে থাকবে। তারা বলেন, এই বিজয়ের পেছনে দেশের সাধারণ মানুষের ত্যাগ ও বিএনপির নেতৃত্বে আন্দোলনের অবদান চিরস্মরণীয়। সমাবেশে ভবিষ্যতে গণতন্ত্রকে প্রাতিষ্ঠানিক রূপ দিতে ও জনকল্যাণমূলক রাষ্ট্র গঠনে ঐক্যবদ্ধভাবে কাজ করার আহ্বান জানানো হয়।

## দেশ চালাবেন রাজনীতিবিদরা, এই

আয়নার সামনে দাঁড়িয়ে আপনি নিজেকে প্রশ্ন করুন-আপনি সাংবাদিক না রাজনীতিবিদ? আপনাদের নিশ্চয়ই মনে আছে এক বছর আগের ঘটনা। জুলাই আন্দোলনের সময় সাংবাদিকদেরকে ডেকে সাবেক প্রধানমন্ত্রী একটা বৈঠক করেছিলেন। সেখানে যারা উপস্থিত ছিলেন, তারা কে কী বলেছিলেন-তা আপনারা জানেন। এটা সাংবাদিকতা! ওটাকে কি আমি সাংবাদিকতা বলবো? রক্ষা করবো তাকে, আপনি বলুন আমাকে।' সাংবাদিকদের মধ্যে বিভাজন প্রসঙ্গে তিনি বলেন, 'বাংলাদেশের সাংবাদিক ইউনিয়নগুলো-বাংলাদেশ ফেডারেল সাংবাদিক ইউনিয়ন (বিএফইউজে), ঢাকা ইউনিয়ন অব জার্নালিস্ট (ডিইউজে),..যাই বলুন, দলীয়ভাবে বিভক্ত হতে হতে কোন জায়গায় গিয়ে দাঁড়িয়েছে আপনি দেখুন। শুধু তাই না, এই প্রশ্নগুলো আমরা করবো না? তারপর বলবো-সাংবাদিকতার জন্য অন্যের কাছে চাইবো। চাইবো অবশ্যই চাইবো।' আলী রীয়াজ বলেন, 'বাংলাদেশের একটি সম্পাদক পরিষদের পাল্টা বিকল্প হিসেবে দাঁড় করানো হয়েছে রাজনীতির জন্য। প্লেইন অ্যান্ড সিম্পল জিনিস-সেটা রাজনীতির জন্য দলীয় বিবেচনায়।' মানবজমিনের প্রধান সম্পাদক মতিউর রহমান চৌধুরী বলেন, 'আমরা গত ষোল বছর নিয়ে কথা বলি। আসলে গত ৫৪ বছরে তো একই জিনিস দেখলাম। গত ৫৪ বছরে যা দেখলাম তাতে আমার এটাই ধারণা হয়-সরকার বদলায় আমরাও বদলে যাই, কম-বেশি। সাংবাদিকরা দৌড়ে থাকবেন কেন-এই প্রশ্ন যদি আমরা করি, যে কেউ জিজ্ঞাসা করবেন কেন দৌড়ায়। তার কারণ হলো রাজনীতি। এই অসুস্থ রাজনীতি আমাদেরকেও গ্রাস করেছে। রাজনীতি মুক্ত না হলে, সাংবাদিকতা মুক্ত হবে না, হতে পারেনি। পৃথিবী কোনো দেশেই হয়নি। সব দেশের সাংবাদিকদের মনের ভেতর একটা রাজনীতি থাকে, কাগজে কলমে থাকে না। কিন্তু আমাদের দেশে.., বিগত সরকারের সময় সেটা প্রমাণ করেছি, আমি সাংবাদিক নই রাজনৈতিক কর্মী।' সাংবাদিকতার জন্য আইন প্রসঙ্গে তিনি বলেন 'আইন করে কাউকে দায়িত্বশীল করা যায় না। আপনার নিজের মধ্যেই এই দায়িত্বশীলতার পরিচয় থাকতে হবে।' মতিউর রহমান চৌধুরী বলেন, 'সাংবাদিকতায় চাপ আসবেই। সরকার কি চাপ ছাড়া থাকবে। পৃথিবীর এমন কোনো দেশে সাংবাদিকতা আছে কিনা, যেখানে চাপ নেই। চাপ আছে। কিন্তু এই চাপ তৈরি করেছি আমরা নিজেরাই। আমরা রাজনৈতিক কারণে সরকারকে সমর্থন দেয়া অথবা যদি অন্য ভাষায় বলতে হয়, সেটা হলো সুবিধা নেয়ার জন্য আমরা চাপের শিকার হয়েছি, হচ্ছি এবং হবো।' আশঙ্কা প্রকাশ করে এই সম্পাদক বলেন, 'আমার ভয় এবং আশঙ্কা রাজনৈতিক সরকার আসলে এখন যে পরিস্থিতি, এখন তো অনেকটা বেহেস্তের পরিস্থিতি, সেটা পাল্টে যাবে। দ্রুত পাল্টে যাবে। আমি জানি কেন পাল্টে যাবে। সেটা সামনে রেখে আমাদের চিন্তা করতে হবে।' সেন্টার ফর গভর্নেন্স স্টাডিজ (সিজিএস) প্রেসিডেন্ট ও টকশো 'তৃতীয় মাত্রা'র উপস্থাপক জিল্লুর রহমানের সঞ্চালনায় আরও বক্তব্য রাখেন, বাংলাদেশ সংবাদ সংস্থার (বাসস) প্রধান সম্পাদক মাহবুব মোর্শেদ, গণফোরাম প্রেসিডেন্ট অ্যাডভোকেট সুব্রত চৌধুরী, ঢাকা বিশ্ববিদ্যালয়ের গণযোগাযোগ ও সাংবাদিকতা বিভাগের শিক্ষক এস এম শামীম রেজা, বিএনপির মিডিয়া সেলের সদস্য মাহমুদা হাবিবা, ঢাকা ট্রিবিউনের এক্সিকিউটিভ এডিটর রিয়াজ আহমেদ, মাছরাঙ্গা টেলিভিশনের এডিটর-ইন-চিফ রেজাওয়ানুল হক রাজা, সিজিএসের এক্সিকিউটিভ ডিরেক্টর পারভেজ করিম আব্বাসী ও ফ্রিলান্স সাংবাদিক কাজী জেসিন প্রমুখ।

## বিএনপির দুই গ্রুপের পাল্টাপাল্টি

সমাবেশে বক্তব্য দেন জেলা বিএনপির আহবায়ক কমিটির সদস্য ও কেন্দ্রী নির্বহী কমিটির সদস্য মাসুদ অরুণ জেলা বিএনপির যুগ্ম আহ্বায়ক জাহাঙ্গীর বিশ্বাস, সদর উপজেলা বিএনপির সাবেক সভাপতি অ্যাডভোকেট মারুফ আহমেদ বিজন, সাবেক সাধারণ সম্পাদক সাইফুল ইসলাম, যুবদল ও ছাত্রদলের নেতারা। মিছিলটি শহরের প্রধান সড়ক হয়ে কাথুলী সড়ক ঘুরে মহিলা কলেজ সড়কে প্রবেশ করতে শুরু করে। দুই মিছিল যখন মহিলা কলেজ সড়কে একে অপরের কাছাকাছি চলে আসে, তখন উত্তেজনার সূচনা হয়। জাবেদ মাসুদ মিল্টনের নেতৃত্বাধীন মিছিলটি মাসুদ অরুনের নির্মাণাধীন বাড়ির সামনে এসে দাঁড়ায়। অপরদিকে মাসুদ অরুনের মিছিলটি মোড় ঘুরে সামনের দিকে এগোতেই দুই দলের নেতাকর্মীরা একে অপরকে উদ্দেশ্য করে হাততালি ও স্লোগান দিতে থাকেন। উভয় দলের কর্মীদের মুখোমুখি অবস্থানে মাত্র কয়েক গজের ব্যবধান থাকায় সংঘর্ষের আশঙ্কা দেখা দেয়। এসময় অতিরিক্ত পুলিশ সুপার জামিনুর রহমান খানের নেতৃত্বে পুলিশ সদস্য তৎপরতা শুরু করেন। তারা উভয় পক্ষের মাঝখানে অবস্থান নিয়ে পরিস্থিতি শান্ত রাখার চেষ্টা করেন। পরে চরম উত্তেজনার মধ্যে মাসুদ অরুন ঘটনাস্থলে উপস্থিত হয়ে তার দলের কর্মীদের শান্ত রাখার আহ্বান জানান। তার হস্তক্ষেপেই ধীরে ধীরে পরিস্থিতি স্বাভাবিক হয়ে আসে। এরপর জাবেদ মাসুদ মিল্টনের নেতৃত্বাধীন মিছিলটি স্লোগান দিতে দিতে পাশ কাটিয়ে বড়বাজারের দিকে চলে যায়। দুই পক্ষের কেউই সংঘাতে জড়াননি, তবে ঘটনাটি রাজনৈতিক অঙ্গনে ব্যাপক আলোচনা সৃষ্টি করেছে। জাবেদ মাসুদ মিল্টনের নেতৃত্বে মিছিলে অংশগ্রহণ করেন, সদস্য সচিব অ্যাডভোকেট কামরুল হাসান, যুগ্ম আহ্বায়ক ফয়েজ মোহাম্মদ, আমিরুল ইসলাম, সদস্য ইলিয়াস হোসেন, আলমগীর খান ছাতু,মুজিবনগর উপজেলা বিএনপির সাধারণ সম্পাদক মশিউর রহমান, বিএনপি নেতা আব্দুল আউয়াল, আখের আলী, কৃষক দলের সভাপতি কাউসার আলী, স্বেচ্ছাসেবক দলের আহ্বায়ক আজমল হোসেন মিন্টু, ছাত্রদল, শ্রমিক দলসহ অঙ্গ ও সহযোগী সংগঠনের নেতারা। মাসুদ অরুনের নেতৃত্বে মিছিলে ছিলেন, যুগ্ম আহ্বায়ক জাহাঙ্গীর বিশ্বাস, সদর উপজেলা বিএনপির সাবেক সভাপতি অ্যাডভোকেট মারুফ আহমেদ বিজন, সাবেক সাধারণ সম্পাদক সাইফুল ইসলাম, মুজিবনগর উপজেলা বিএনপির সাবেক সাংগঠনিক সম্পাদক আব্দুর রশিদ, জেলা শ্রমিক দলের সভাপতি আহসান হাবীব সোনা, যুবদলের সভাপতি জাহিদুল হক জাহিদ, ছাত্রদলের সভাপতি আকিব জাভেদ সেনজিসহ বিএনপির নেতাকর্মী ও অঙ্গসংগঠনের অন্যান্য নেতৃবৃন্দ। স্থানীয় রাজনৈতিক বিশ্লেষকদের মতে, জেলা বিএনপির অভ্যন্তরীণ বিভাজন আজ প্রকাশ্য রূপ নিয়েছে। কেন্দ্রীয় নেতৃত্বের সুস্পষ্ট অবস্থান না থাকায় স্থানীয় পর্যায়ে একাধিক গ্রুপ সক্রিয় হয়ে উঠেছে, যার ফলে একই কর্মসূচি নিয়ে একাধিক নেতার পৃথক আয়োজন বিভ্রান্তি ও উত্তেজনার জন্ম দিচ্ছে।

## গাংনীতে বোমা ফাটিয়ে সংঘবদ্ধ

ঘটে। ডাকাত দলের হাতে অন্তত ২০-২৫ জন পথচারী অর্থ হারিয়েছেন বলে জানা গেছে। প্রত্যক্ষদর্শী ও পুলিশ সূত্রে জানা যায়, ৭-৮ জনের একটি সংঘবদ্ধ ডাকাতদল দেশীয় অস্ত্রসহ সড়কে অবস্থান নেয়। তারা প্রথমে তিনটি ককটেল (বোমা) বিস্ফোরণ ঘটিয়ে এলাকায় আতঙ্ক সৃষ্টি করে। পরে সাপ্তাহিক হাট থেকে ফেরা সাধারণ পথচারীদের ঘিরে ফেলে এবং সড়কের পাশে নামিয়ে বেঁধে রেখে তাদের কাছ থেকে নগদ অর্থ ছিনিয়ে নেয়। ভুক্তভোগীদের মধ্যে ইয়াসির আরাফাতের কাছ থেকে ৭ হাজার টাকা, আব্দুল হালিমের কাছ থেকে ৬০০ টাকা, শাহজামালের কাছ থেকে ৫ হাজার টাকা, রেজিয়া খাতুনের কাছ থেকে ৭০০ টাকা, মিন্টু নামে দুই ব্যক্তির কাছ থেকে যথাক্রমে ২ হাজার ৫০০ টাকা ও ৯ হাজার ৭০০ টাকা, মহব্বত আলীর কাছ থেকে ২ হাজার ২০০ টাকা এবং কুরসিয়া খাতুনের কাছ থেকে ২ হাজার ৫০০ টাকা ছিনিয়ে নেওয়ার ঘটনা নিশ্চিত হওয়া গেছে। এছাড়াও আরও কয়েকজনের কাছ থেকেও অর্থ ও মূল্যবান সামগ্রী লুটের ঘটনা ঘটেছে। ভুক্তভোগীরা ধানখোলা, মহিষাখোলা ও আড়পাড়া গ্রামের বাসিন্দা। এ ঘটনায় বুধবার(৬ আগস্ট) সকালে অভিযান চালিয়ে গাংনী থানা পুলিশ ডাকাতির সাথে জড়িত সন্দেহে পাঁচজনকে আটক করেছে। আটককৃতরা হলেন, গাংনী মাঠপাড়ার মাসুদের ছেলে শাকিব, কালামের ছেলে কামরুজ্জামান শিহাব কাবীরুল, মোকাদ্দেস মোকার ছেলে মুরসালিন, মেহেরপুর সদর থানার শ্যামপুর গ্রামের আজাদ আলীর ছেলে মিকাইল ও ওসমান আলী মীরের ছেলে জাহিদ হোসেন। স্থানীয়রা জানান, সাপ্তাহিক হাট শেষে বাড়ি ফেরা লোকজনের উপর অতর্কিতে হামলা চালায় ডাকাতরা। ঘটনাস্থলে তিনটি বোমা ফাটিয়ে তারা পালিয়ে যায়। যদিও কেউ হতাহত হয়নি, তবে এলাকায় ব্যাপক আতঙ্ক ছড়িয়ে পড়ে। এ বিষয়ে গাংনী থানার অফিসার ইনচার্জ (ওসি) বাণী ইসরাইল জানান, খবর পেয়ে পুলিশ দ্রুত ঘটনাস্থলে পৌঁছায়। ইতিমধ্যে পাঁচজনকে আটক করে জিজ্ঞাসাবাদ করা হচ্ছে। ঘটনায় জড়িতদের শনাক্ত করে আইনানুগ ব্যবস্থা নেওয়া হবে। স্থানীয়দের অভিযোগ, ধানখোলা সড়কের ওই স্থানে হাটের দিন প্রায়ই ডাকাতির ঘটনা ঘটছে। বিষয়টি নিয়ে প্রশাসনের কঠোর নজরদারি দাবি করেছেন তারা।